

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৪৫

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (کتاب الذکر والدعاء والتوبة والاستغفار) পরিচ্ছেদঃ ৪৮/২৭. তিন গুহাবাসীর ঘটনা ও সৎকর্ম দ্বারা ওয়াসীলা বানানো।

قصة أصحاب الغار الثلاثة والتوسل بصالح الأعمال

আরবী

حديث ابْنِ عُمرَ رضي الله عنهما، عَنِ النّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم، قَالَ: خَرَجَ ثَلاَثَةٌ يَمْشُونَ فَأَصَابَهُمُ الْمَطَرُ فَدَخَلُوا فِي غَارٍ فِي جَبَلِ فَانْحَطَّتْ عَلَيْهِمْ صِخْرَةٌ قَالَ: فَقَالَ بَعْضِهُمْ لِبَعْضِ: ادْعُوا اللهَ بِأَفْضَلِ عَمَل عِمَلْتُمُوهُ فَقَالَ أَحَدُهُمْ: اللهُمَّ إِنِّي كَانَ لِي بَعْضَهُمْ لِبَعْضِ: ادْعُوا اللهَ بِأَفْضَل عَمَلُ عِمَلْتُمُوهُ فَقَالَ أَحَدُهُمْ: اللهُمَّ إِنِّي كَانَ لِي أَبُوانِ، شَيْخَانِ كَبِيرَانِ فَكُنْتُ أَخْرُجُ فَأَرْعَى، ثُمَّ أَجِيءُ فَأَحْلُبُ فَأَجِيءُ بِالْحِلابِ، فَآتِي بِهِ أَبُوانِ، شَيْخَانِ كَبِيرَانِ فَكُنْتُ أَحْرُجُ فَأَرْعَى، ثُمَّ أَجِيءُ فَأَحْلُبُ فَأَجِيءُ بِالْحِلابِ، فَآتِي بِهِ أَبُوكَيَّ، فَيَشْرَبَانِ ثُمَّ أَسْقِي الصَبِّبْيَةَ، وَأَهْلِي وَامْرَأَتِي فَاحْتَبَسْتُ لَيْلَةً، فَجِئِتُ فَإِذَا هُمَا نَائِمَانِ قَالَ: فَكَرِهْتُ أَنْ أُوقِظَهُمَا، وَالصِبِّبْيَةُ يَتَضَاغَوْنَ عِنْدَ رِجْلَيَّ فَلَمْ يَزَلْ ذَلِكَ دَأْبِي وَدَأَبُهُمَا حَتَّى طَلَعَ الْفَجْرُ اللهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنِي فَعَلْتُ ذَلِكَ الْبَيْعَاءَ وَجْهِكَ، فَاقْرُجْ عَنَا فُرْجَةً، نَرَى مِنْهَا السَّمَاءَ قَالَ: فَقُرجَ عَنْهُمْ وَقَالَ الآخَرُ: اللهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنِي كُنْتُ مَنْهَا، وَلَا تَهُرجَ عَنَا مُرأَةً مِنْ بَنَاتِ عَمِّي، كَأَشَدِ مَا يُحِبُّ الرَّجُلُ النِسَاءَ فَقَالَتْ: لاَ تَنَالُ ذَلِكَ مِنْهَا، وَحَقِي تُعَلِيهُمُ الثُلْقِينَ وَقَالَ الآخَرُ: اللهُمَّ أِنْ كُنْتَ بَعْمُ الْتُولِ فَلَا الْمَعْرِينَ وَقَالَ الآخَرُ: اللهُمَّ إِنْ كُنْتَ الْكَاتُ وَلِكَ الْبِتِغَاءَ وَجُهِكَ، فَاقُرُجُ عَنَا فُرُجَةً قَالَ: فَقَرَجَ عَنْهُمُ الثُلْثَيْنِ وَقَالَ الآخَرُ: اللهُمَّ إِنْ كُنْتَ وَلُكَ الْبِتَغَاءَ وَهُوكَ عَنَا فُورُجَ عَنَا فُرُجَةً قَالَ: فَقَرَجَ عَنْهُمُ الثُلُقَيْنِ وَقَالَ الآخَرُ: اللهُمَّ إِنْ كُنْتَ وَلَكَ الْبَعْفَاءَ وَلَا الْمُجَلِّةُ فَلَا الْمُنَاتَ الْفَرَجُ عَنَا فُورُجَ عَنَا فُورَجَ عَنَا فُلُومُ عَنَا فُورَجَ عَنَا فُورَجَ عَنَا فُورَجَ عَنَا فُلُومُ الْمُلْقِي الْمُلِي الْمُعَلِّي الْمُعَلِّي الْمُلْكِلُولُ الْمُكَلِي الْمُعَلِي الْمُعَلِّي الْمُعَلِي الْمُعَلِي الْمُعَلِي الْمُرَاتِ عَلَى الْ

تَعْلَمُ أَنِّي اسْتَأْجَرْتُ أَجِيرًا بِفَرَقٍ مِنْ ذُرَةٍ، فَأَعْطَيْتُهُ وَأَبَى ذَاكَ أَنْ يَأْخُذَ فَعَمَدْتُ إِلَى ذَلِكَ الْفَرَقِ، فَزَرَعْتُهُ حَتَّى اشْتَرَيْتُ مِنْهُ بَقَرًا وَرَاعِيَهَا ثُمَّ جَاءَ، فَقَالَ: يَا عَبْدِ اللهِ أَعْطِنِي حَقِّي الْفَرَقِ، فَزَرَعْتُهُ حَتَّى اشْتَهْزِى بِي قَالَ: فَقُلْتُ: مَا فَقُلْتُ انْطَلِقْ إِلَى تِلْكَ الْبَقَرِ وَرَاعِيهَا، فَإِنَّهَا لَكَ فَقَالَ: أَتَسْتَهْزِى بِي قَالَ: فَقُلْتُ: مَا أَسْتَهْزِى بِكَ، وَلَكِنَّهَا لَكَ اللهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنِّي فَعَلْتُ ذَلِكَ ابْتِغاءَ وَجْهِكَ فَافْرُجْ عَنَا فَكُشِفَ عَنْهُمْ



বাংলা

১৭৪৫. ইবনু উমার (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি বলেন, একদা তিন ব্যাক্তি হেঁটে চলছিল। এমন সময় প্রবল বৃষ্টি শুরু হলে তারা এক পাহাড়ের গুহায় প্রবেশ করে। হঠাৎ একটি পাথর গড়িয়ে তাদের গুহার মুখ বন্ধ করে দেয়। তাদের একজন আরেকজনকে বললঃ তোমরা যে সব 'আমল করেছ, তার মধ্যে উত্তম আমলের ওয়াসীলা করে আল্লাহর কাছে দুআ কর।

তাদের একজন বলল, ইয়া আল্লাহ! আমার অতিবৃদ্ধ পিতামাতা ছিলেন, আমি (প্রত্যহ সকালে) মেষ চরাতে বের হতাম। তারপর ফিরে এসে দুধ দোহন করতাম এবং এ দুধ নিয়ে আমার পিতা-মাতার নিকট উপস্থিত হতাম ও তারা তা পান করতেন। তারপরে আমি শিশুদের, পরিজনদের এবং স্ত্রীকে পান করতে দিতাম। একরাত্রে আমি আটকা পড়ে যাই। তারপর আমি যখন এলাম তখন তারা দু'জনে ঘুমিয়ে পড়েছেন। সে বলল, আমি তাদের জাগানো পছন্দ করলাম না। আর তখন শিশুরা আমার পায়ের কাছে (ক্ষুধায়) চীকার করছিল। এ অবস্থায়ই আমার এবং পিতা-মাতার ফজর হয়ে গেল। ইয়া আল্লাহ! তুমি যদি জীন তা আমি শুধুমাত্র তোমার সম্ভুষ্টি লাভের আশায় করেছিলাম তা হলে তুমি আমাদের গুহার মুখ এতটুকু ফাঁক করে দাও, যাতে আমরা আকাশ দেখতে পারি। বর্ণনাকারী বলেন, তখন একটু ফাঁকা হয়ে গেল।

আরেকজন বলল, ইয়া আল্লাহ! তুমি জান যে, আমি আমার এক চাচাতো বোনকে এত ভালবাসতাম, যা একজন পুরুষ নারীকে ভালবেসে থাকে। সে বলল, তুমি আমা হতে সে মনস্কামনা সিদ্ধ করতে পারবে না, যতক্ষণ আমাকে একশত দীনার না দেবে। আমি চেষ্টা করে তা সংগ্রহ করি। তারপর যখন আমি তার পদদ্বয়ের মাঝে উপবেশন করি, তখন সে বলে "আল্লাহকে ভয় কর"। বৈধ অধিকার ছাড়া মাহরকৃত বস্তুর সীল ভাঙবে না। এতে আমি তাকে ছেড়ে উঠে পড়ি। (হে আল্লাহ) তুমি যদি জান আমি তা তোমারই সন্তুষ্টি অর্জনের উদ্দেশে করেছি, তবে আমাদের হতে আরো একটু ফাঁক করে দাও। তখন তাদের হতে (গুহার মুখের) দু'-তৃতীয়াংশ ফাঁক হয়ে গেল।

অপরজন বলল, হে আল্লাহ! তুমি জান যে, এক ফারাক (পরিমাণ) শস্য দানার বিনিময়ে আমি একজন মজুর রেখেছিলাম। আমি তাকে তা দিতে গেলে সে তা গ্রহণ করতে অস্বীকার করল। তারপর আমি সে এক ফারাক শস্য দানা দিয়ে চাষ করে ফসল উৎপন্ন করি এবং তা দিয়ে গরু ক্রয় করি এবং রাখাল নিযুক্ত করি। কিছুকাল পরে সে মজুর এসে বলল, হে আল্লাহর বান্দা! আমাকে আমার পাওনা দিয়ে দাও। আমি বললাম, এই গরুগুলো ও রাখাল নিয়ে যাও। সে বলল, তুমি কি আমার সাথে উপহাস করছ? আমি বললাম, আমি তোমার সাথে উপহাস করছি না বরং এসব তোমার। হে আল্লাহ! তুমি যদি জান আমি তা তোমারই সম্ভেষ্টির উদ্দেশে করেছি, তবে আমাদের হতে (গুহার মুখ) উন্মুক্ত করে দাও। তখন তাদের হতে গুহার মুখ উন্মুক্ত হয়ে গেল।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩৪ : ক্রয়-বিক্রয়, অধ্যায় ৯৮, হাঃ ২২১৫; মুসলিম, পর্ব ৪৮ : আল্লাহ তা'আলার যিক্রের



প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ২৭, হাঃ ২৭৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন